ইত্তেফাক



তারিখ ১০/৯/৬১
পৃষ্ঠা ... কলাম ...

৬২৯

# যশোরে দেড়শত প্রাথমিক শিক্ষকের পদ শূন্য

ঝিনাইদহ (যশোর), ৮ই সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)—যশোর জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে প্রায় দেড়শত শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য পড়িয়া থাকায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। কোন কোন বিদ্যালয়ে ৪ জন শিক্ষকের স্থলে মাত্র ২জন শিক্ষক কোন রকমে কাজ চালাইতেছেন। সীমান্তবর্তী মেহেরপুর থানায় শিক্ষকের অভাব সর্বপেক্ষা বেশী।

এ ব্যাপারে জেলা প্রাইমারী শিক্ষা কর্মকর্তার সহিত যোগাযোগ করিলে তিনি খবরের সত্যতার কথা স্বীকার করিয়া জানান, ঝিনাইদহ ও নড়াইল মহকুমায় প্রয়োজনীয় শিক্ষক নিয়োগের জন্য প্যানেল তৈরী হইয়াছে। সদর মহকুমার প্যানেল তৈরীর পরে শিক্ষক নিয়োগ করা হইবে।

## ৭ মাসেও প্যানেল অনুমোদিত হয় নাই

নড়াইলের (যশোর) সংবাদদাতা জানান, অত্র মহকুমার বিভিন্ন প্রাথমিক স্কুলে ৪০ জন শিক্ষকের শূন্য পদ পূরণের জন্য গত জানুয়ারী মাসে প্যানেল তৈরী করিয়া নিয়োগের ব্যাপারে অনুমোদন লাভের জন্য উহা শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়। কিন্তু সম্প্রতি প্রাপ্ত খবর অনুযায়ী গত ৭ মাসের মধ্যে প্যানেল অনুমোদিত হইয়া আসে নাই। এদিকে শিক্ষকের অভাবে কয়েকটি স্কুলের লেখাপড়া ব্যাহত হইতেছে।

## শিক্ষকের অভাবে—

পিরোজপুরের (বরিশাল) সংবাদদাতা জানান, অত্র মহকুমা সদরের সরকারী উচ্চ বিদ্যালয়টিতে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক না থাকায় লেখা-পড়া দারুণভাবে ব্যাহত হইতেছে এবং অভিভাবক মহল ও ছাত্রদের মধ্যে হতাশা দেখা দিয়াছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সূত্রে জানা যায়, স্কুলটিতে ছাত্র সংখ্যানুপাতে ২৬ জন শিক্ষক প্রয়োজন, বর্তমানে মাত্র ১৮ জন শিক্ষক নিয়োজিত রহিয়াছেন। ইহাছাড়া প্রধান ও সহকারী প্রধান শিক্ষকের পদ বহুদিন যাবৎ শূন্য থাকায় অন্যান্য শিক্ষকদের পক্ষে যথাযথভাবে দায়িত্ব পালন সম্ভব হইতেছে না।